সংবাদ

তারিখ 09 DEC 2016
পৃষ্ঠা ৪ কলাম ৫

রাজধানীতে

# শিক্ষার্থীর ছুরিকাঘাতে একই স্কুলের ৩ শিক্ষার্থী আহত

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীতে নবম শ্রেণীর এক শিক্ষার্থীর ছুরিকাঘাতে একই স্কুলের দশম শ্রেণীর তিন শিক্ষার্থী আহত হয়েছে। আহতরা হলো- মেহেদী হাসান, মিরাজুল আবেদিন ও আহাদ। গতকাল দুপুর আড়াইটায় শনির আখড়ায় বর্ণমালা আদর্শ স্কুল অ্যান্ড কলেজের সামনে দুই ক্লাসের শিক্ষার্থীদের মধ্যে এ ঘটনা ঘটে। আহত মেহেদী ও আহাদ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে চিকিৎসা নিয়েছে। আর মিরাজকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় নবম শ্রেণীর শিক্ষার্থী সাব্বিরকে আটক করেছে শিক্ষকরা। আহত মেহেদী হাসান জানায়, স্কুলের সামনে দুই ক্লাসের শিক্ষার্থীদের কথা কাটাকাটি হয়। একপর্যায়ে নবম শ্রেণীর শিক্ষার্থী সাব্বির এলোপাতাড়ি ছুরি চালাতে থাকে। এতে মেহেদী বাম হাতে, মিরাজুলের বুকে ও বাহুতে এবং আহাদের বাম উরুতে ছুরির আঘাত লাগে।

প্রত্যক্ষদর্শী এক শিক্ষার্থী জানায়, গতকাল সকালে স্কুলে যাওয়ার সময় মিরাজের সঙ্গে নবম শ্রেণীর ছাত্র সাব্বিরের ধাক্কা লাগে। এতে সাব্বির মিরাজকে দেখে নেয়ার কথা বলে। বিকেল ২টার দিকে স্কুল ছুটি হলে মিরাজ বাইরে আসে। এ সময় সাব্বির তাঁকে ধাক্কা দেয়ার কথা জানতে চায়। এ নিয়ে দু'জনের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে সাব্বির মিরাজকে ছুরিকাঘাত করে। এ সময় মেহেদী ও আহাদ এগিয়ে আসলে তাদেরও ছুরিকাঘাত করা হয়। খবর পেয়ে শিক্ষকরা এগিয়ে গিয়ে সাব্বিরকে আটক করে। আহত তিনজনকে ঢামেকে নিয়ে আসে। স্কুলের শিক্ষক ইয়ার হোসেন বলেন, কি নিয়ে শিক্ষার্থীদের মধ্যে কথা কাটাকাটি ও ছুরিকাঘাতের ঘটনা ঘটেছে তা জানা যায়নি। সাব্বির নামে এক ছাত্র আটক আছে। সে এ ঘটনা ঘটিয়ে থাকলে ব্যবস্থা নেয়া হবে। এ বিষয়ে কদমতলী থানার ওসি জানান, বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেয়া হচ্ছে।